দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN 27 2000 ...
পৃষ্ঠা 7 কলাম 2 ......

60

## উচিত শিক্ষা

রংপুর সংবাদদাতা ॥ শিক্ষকদের উপর হামলার প্রতিবাদে গতকাল (বুধবার) কারমাইকেল বিশ্ববিদ্যালয়-কলেজের শিক্ষকরা কলেজ ক্যাম্পাসে মৌন মিছিল বাহির করে। ঐ সময় ছাত্রদলও ক্যাম্পাসে পথসভার আয়োজন করে। পথসভা হইতে শিক্ষকদের বিরুদ্ধে আপত্তিকর বক্তব্য প্রদান করায় শিক্ষকরা ধাওয়া করিয়া কারমাইকেল কলেজ শাখার ছাত্রদল সাধারণ সম্পাদক মোকছেনুল আরেফিন রুবেলকে আটক করেন। বাকীরা পালাইয়া যায়। পরে তাহার মুচলেকা লইয়া চার ঘন্টা পর তাহাকে ছাড়িয়া দেওয়া হয়। শিক্ষকরা একজন ভুয়া পরীক্ষার্থীকে আটক করিলে ছাত্রদল ও শিবিরের কর্মীরা চারজন শিক্ষককে মারপিট করে।